



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৭ ডিসেম্বর ২০২২

প্রেস বিজ্ঞপ্তি৭

নান্যাচরে ইউপিডিএফ সংগঠককে হত্যার নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক শান্তিদেব চাকমা সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে আজ বুধবার, ৭ ডিসেম্বর ২০২২ সকালে নান্যাচরে ইউপিডিএফ সংগঠককে গুলি করে হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

নিহত ইউপিডিএফ সংগঠকের নাম সুবাহু চাকমা ওরফে গিরি (৫৫), পিতা- বিরাজ মোহন চাকমা, গ্রাম-এগারাল্যা ছড়া, নান্যাচর।

বিবৃতিতে শান্তিদেব চাকমা উক্ত হত্যার ঘটনার জন্য সেনা মদদপুষ্ট নব্যমুখোশ ও সংস্কারবাদী সন্ত্রাসীদের দায়ি করে ঘটনার বিবরণ দিয়ে বলেন, আজ সকাল ৮টার সময় ইউপিডিএফ সংগঠক সুবাহু চাকমা সাংগঠনিক কাজে রাঙিপাড়া সূর্য মণি মূর্তি নামক স্থানে গেলে সেখানে আগে থেকে গুঁৎ পেতে থাকা নব্যমুখোশ-সংস্কারবাদী সন্ত্রাসীদের ৬-৭ জনের একটি দল তাঁর ওপর সশস্ত্র হামলা চালায়। সন্ত্রাসীদের গুলিতে ঘটনাস্থলে তিনি নিহত হন। সন্ত্রাসীদের মধ্যে রুপায়ন চাকমা ও শান্তিময় চাকমা নামে দু'জনকে চিনতে পেরেছেন বলে প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন।

তাঁর মৃত্যু নিশ্চিত করে সন্ত্রাসীরা ব্রাশ ফায়ার করতে করতে বড়পুল পাড়া দোকানে যায় এবং সেখানেও ব্রাশফায়ার করে জনমনে আতঙ্ক সৃষ্টি করে। এরপর সন্ত্রাসীরা বড়পুল পাড়া দোকান থেকে তিনটি মোটর সাইকেলে করে নান্যাচর সদরের টিএন্ডটি'র সর্মিলের পাশের একটি স্থানে গিয়ে (নান্যাচর জোন থেকে আধা কিলো দূরত্বে) অবস্থান নেয়। এ সময় সেনাবাহিনীর সদস্যরা বড়পুল পাড়া দোকান ও রত্নাস্কুর বনবিহারের গেট এলাকায় অবস্থান নিয়ে সন্ত্রাসীদের নিরাপত্তা নিশ্চিত করে। সেখানে কিছু সময় অবস্থান করার পর সন্ত্রাসীরা সেনাবাহিনীর নিরাপত্তায় সিএনজি ও মোটর সাইকেলে করে পুনরায় ঘটনাস্থলের দিকে চলে যায়।

বিবৃতিতে তিনি উক্ত হত্যার ঘটনাকে ন্যাক্কারজনক ও সরকারের জুম্ম দিয়ে জুম্ম ধ্বংসের নীলনক্সা বাস্তব রুপায়ন উল্লেখ করে বলেন, শাসকগোষ্ঠী ইউপিডিএফের নেতৃত্বে চলমান গণআন্দোলন দমনের জন্যই সশস্ত্র ঠ্যাঙারে বাহিনী লেলিয়ে দিয়ে একের পর এক ইউপিডিএফ নেতা-কর্মীকে হত্যা করছে।

খুন, গুম, অপহরণ করে জনগণের ন্যায্য আন্দোলন দমন করা যাবে না বলে মন্তব্য করে ইউপিডিএফ নেতা বলেন, ইউপিডিএফ পার্বত্য চট্টগামের জনগণের বেঁচে থাকার মৌলিক দাবি আদায়ে আন্দোলন করে যাচ্ছে। জনগণকে সাথে নিয়ে ইউপিডিএফ সকল ষড়যন্ত্র মোকাবেলা করে অধিকার প্রতিষ্ঠার আন্দোলন এগিয়ে নিয়ে যাবে।

বিবৃতিতে তিনি অবিলম্বে সুবাহু চাকমার হত্যাকারীদের গ্রেফতার ও শাস্তি নিশ্চিত করা এবং খুনি-সন্ত্রাসীদের সেনা মদদদান বন্ধ করার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।